সংবাদ

তারিখ ... 30 JAN 2017 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৬......

### শাহরাস্তির পরানপুর সর.প্রা. বিদ্যালয়

# ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকার বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

প্রতিনিধি, শাহরাস্তি (চাঁদপুর)

শাহরাস্তির পরানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা তাসলিমা বেগমের বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ উঠেছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে একটি লিখিত অভিযোগ করা হয়েছে। স্থানীয় এলাকাবাসী, অভিভাবক ও অধ্যায়নরত শিক্ষার্থীরা জানান সদ্য সমাপ্ত পিএসসিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রসংশাপত্র দুইশত টাকা হারে আদায় করেছেন। ভর্তি ফি বাবদ প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত বই ও ভর্তি ফি বাবদ ১৫০ টাকা থেকে ২০০ টাকা আদায় করেছেন। এছাড়া প্রত্যেক শিক্ষার্থীদের কাছ থেকে মাসে ২০ টাকা হরে বেতন নির্ধারণ করে তা আদায় করছেন। প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত ১২৭ জন শিক্ষার্থী পাঠদানে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকসহ দুইজন শিক্ষক রয়েছেন। একজন মহিলা শিক্ষককে খন্ডকালীণ হিসেবে নিয়োগ দিয়েছেন। এ ছাড়া কিছুদিন পূর্বে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি পদে তিন প্রার্থীর মধ্যে দুইজন প্রার্থীর কাছ থেকে ৭,০০০/- টাকা করে জমা নিয়ে অবশেষে ৭০০/- টাকা করে জমা রেখে বাকী টাকা, তিনি অভিযোগের প্রেক্ষিতে তা ফেরৎ দিতে বাধ্য হয়েছেন। এছাড়াও সভাপতি হিসেবে যাকে নিয়োগ দিয়েছেন মোটা অংকের অর্থের বিনিময়ে তিনি ভোটে ভূমিদাতা পরিবারের সদস্যকে বাদ দিয়ে অযোগ্য প্রার্থীকে সভাপতি হিসেবে নিয়োগের অভিযোগ রয়েছে এ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকার বিরুদ্ধে।

এ বিষয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা তাসলিমা বেগম জানান, পরানপুর বিদ্যালয়টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় থেকে উন্নিত হয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয় হিসেবে রূপান্তরিত হয়েছে। আমার বেতন ৫ হাজার টাকার নিচে। এ অর্থ দিয়ে বর্তমান বাজারে সংসার চালানো দুরুহ। শিক্ষার্থীদের কাছ থেকে কিছু অর্থ আদায় করে খণ্ডকালীন শিক্ষকের বেতন চালাতে হয়। গ্রামের গরীব স্কুল অনেক শিক্ষার্থী কোন টাকাই দিতে পারে না। নির্বাচনে আমি নিরপেক্ষ ছিলাম। ভোটারা কি করেছে তা তাদের বিষয়। এ বিষয়ে সহকারী শিক্ষা কর্মকর্তা জহিরুল ইসলাম জানান, শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায়ের বিষয়টি আমি অবগত ছিলাম না। যেহেতু এ বিষয় অভিযোগ পেয়েছি, আমরা ব্যবস্থা নেব। নির্বাচন বিষয়ে একটি অভিযোগ এসেছে বিষয়টি তদন্তাধীন।